দৈনিক
আমাদের সময়

তারিখ 18 SEP 2017
পৃষ্ঠা ৩ কলাম ৫

# জবির ই ইউনিটে ভর্তি পরীক্ষার ফল প্রকাশ

জবি প্রতিনিধি ●
জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) ২০১৭-১৮ শিক্ষাবর্ষের 'ই' ইউনিটের (কলা অনুষদের অন্তর্ভুক্ত) ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির লিখিত ভর্তি পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে। রবিবার দুপুর ১২টায় এটি প্রকাশ করা হয়। 'ই' ইউনিটের ১৫০টি (সংগীত বিভাগ-৪০টি, চারুকলা বিভাগ-৪০টি, নাট্যকলা এরপর পৃষ্ঠা ৯ কলাম ৩

## জবির ই ইউনিটে ভর্তি

(৩ এর পৃষ্ঠার পর) বিভাগ-৪০টি এবং ফিল্ম অ্যান্ড টেলিভিশন বিভাগ-৩০টি) আসনের বিপরীতে ৭৫৬ জন পরীক্ষার্থী প্রাথমিকভাবে ভর্তির ন্যূনতম যোগ্যতা অর্জন করেছে। 'ই' ইউনিটে ২ হাজার ৬৩৬ জন ভর্তি পরীক্ষার জন্য আবেদন করেছিলেন।

উল্লেখ্য, 'ই' ইউনিটের পারফরম্যান্স টেস্টসংক্রান্ত তথ্যাদি পরে জানানো হবে।

ভর্তি পরীক্ষার ফল জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড এবং ওয়েবসাইট (http://admission.jnu.ac.bd অথবা http://admissionjnu.info) -এ পাওয়া যাচ্ছে।